f¢ÕQjh‰ pIL¡l

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, কলকাতা-700001

**fœ¡^ : 3508(10)/BI.¢X/J/¢X.¢f.Hg/1C-1/2008** **a¡¢IM : 02/06/2009**

প্রেরক : **ড: মানবেন্দ্রনাথ রায়, fd¡e p¢Qh**

f¡fL : **1z pi¡¢df¢a, hdj¡e/ýNm£/q¡Js¡/EšI 24-fINZ¡ জেলা পরিষদ / ¢n¢m...¢s jqLj¡ f¢loc**

**২। জেলা শাসক, c¡¢S¢mw/hdj¡e/ýNm£/q¡Js¡/EšI 24-fINZ¡**

**বিষয় : পঞ্চায়েতের প্রতিটি স্তরে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়া সুনিশ্চিত করার লক্ষ্যে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ**

jq¡nu¡ / jq¡nu,

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে স্থানীয় সরকার হিসাবে পঞ্চায়েতের তিনটি স্তরকেই অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত পরিকল্পনা রচনার জন্য প্রয়োজনীয় দায়িত্ব ও ক্ষমতা দেওয়া হয়েছে । পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে প্রতিটি গ্রাম পঞ্চায়েত উপ-সমিতি ভিত্তিক সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেV এবং প্রতিটি পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্থায়ী সমিতি ভিত্তিক সমন্বিত পরিকল্পনা ও বাজেট তৈরি করতে বাধ্য । এই প্রেক্ষিতে এই বিভাগ থেকে সমন্বিত পরিকল্পনা রচনার জন্য একটি আদেশনামা [স্মারক সংখ্যা : ২৬৩৪/আর.ডি./ও/ ¢X.¢f.Hg./1C-১/২০০৮ তাং ১৬/৪/২০০৯] দেওয়া হয়েছে । আপনার অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আদেশনামাটি এই পত্রের সঙ্গে সংযোজিত হল [**সংযোজনী-1**] । এই আদেশনামার সঙ্গে একটি বিস্তারিত নির্দেশিকাও দেওয়া হয়েছে, বর্তমানে সেইটি ছাপার কাজ চলছে, ইতিমধ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ওয়েবসাইটে এই নির্দেশিকাটি দেওয়া রয়েছে । ওয়েবসাইট থেকে নির্দেশিকাটি ডাউনলোড করে সংশ্লিষ্ট সকলকে দেওয়ার এবং পড়ার জন্য অনুরোধ জানাই । এই পরিপ্রেক্ষিতে আপনার জেলার সকল গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা রচনার বিষয়টি সুনিশ্চিত করার জন্য নিম্নলিখিত কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানাই ।

2z পঞ্চায়েতের সকল স্তরে সমন্বিত পরিকল্পনা রচনার কাজটি সুনিশ্চিত করার জন্য সকল নির্বাচিত প্রতিনিধি ও সংশ্লিষ্ট আধিকারিকদের এই বিষয়ে সক্ষমতা বৃদ্ধি আবশ্যক । এই বিষয়ে সমন্বিত পরিকল্পনা রচনা সংক্রান্ত নির্দেশিকার দশম অধ্যায়েও বিস্তারিত আলোচনা করা হয়েছে । এই পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া জরুরি ।

(L) সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা, সমন্বিত পঞ্চায়েত সমিতি পরিকল্পনা ও সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনার জন্য প্রথমে লোকশিক্ষা সঞ্চারের মাধ্যমে এবং তারপর প্রাতিষ্ঠানিক প্র¢nrZ z

(M) সমন্বিত পরিকল্পনার উদ্দেশ্যে স্থানীয় স্তরে ধারাবাহিক ও বিশেষ প্রশিক্ষণ এবং প্রয়োজনে হাতে-ধরে সহায়তা ।

(N) **সমন্বিত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** সমন্বিত পরিকল্পনা বিষয়ে গ্রাম পঞ্চায়েতের সংশ্লিষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধির জন্য ব্লক স্তরে একটি বিশেষ সহায়ক দল (পঞ্চায়েত পরিক্Òfe¡I SeÉ hL pÇfc cm) গঠন করতে হবে । ওই এলাকায় বসবাসকারী পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের প্রাক্তন সদস্য, ব্লক স্তরের অবসরপ্রাপ্ত আধিকারিক, স্থানীয় উদ্যোগী ও সমাজমনস্ক ব্যক্তি এবং যেখানে মহাসংঘ গঠিত হয়েছে তার প্রতিনিধিদের নিয়ে ব্লক সম্পদ দল গঠন করা আবশ্যক । এক্ষেত্রে প্রশিক্ষক হিসাবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, এই ধরনের কাজে আগ্রহী এবং এই কাজের জন্য নিয়মিত সময় দিতে পারবেন এমন ব্যক্তিদেরই পঞ্চায়েত পরিকল্পনার জন্য ব্লক সম্পদ দলের (Block Resource Person for Panchayat Planning - BRPPP) pcpÉ হিসাবে নির্বাচন করা আবশ্যক । এই সম্পদ দলের সদস্যদের প্রধান দায়িত্ব সমন্বিত পরিকল্পনা রচনার কাজে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলিকে ধারাবাহিক ভাবে প্রয়োজনীয় সহায়তা দেওয়া । এই দলের সদস্যদের কয়েকটি ছোট

দলে ভাগ করে প্রত্যেককে ১-২টি করে গ্রাম পঞ্চায়েতের দায়িত্ব দেওয়া আবশ্যক, যাতে তারা প্রয়োজনে ওই গ্রাম পঞ্চায়েতগুলিতে গিয়ে হাতে-ধরে সহায়তা দিতে পারেন বা কাজের অগ্রগতি পর্যালোচনা করতে পারেন । এর জন্য অবশ্য কেন্দ্রীয়ভাবে পঞ্চায়েত সমিতি সহায়ক দলের সদস্যদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে ।

(0) **সমন্বিত পঞ্চায়েত সমিতি পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** একই ভাবে সকল পঞ্চায়েত সমিতিগুলিকে স্থায়ী সমিতি ভিত্তিক সমন্বিত পরিকল্পনা রচনার কাজে প্রয়োজনীয় ও ধারাবাহিক সহায়তা দেওয়ার উদ্দেশ্যে জেলা পরিষদ স্তরে একটি পঞ্চায়েত পরিকল্পনার জন্য জেলা সম্পদ দল (District Resource Person for Panchayat Planning - DRPPP) গঠন করা আবশ্যক । জেলা পরিষদের প্রাক্তন কর্মাধ্যক্ষ, জেলা স্তরের অবসরপ্রাপ্ত আধিকারিক, স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি, উদ্যোগী ও সমাজমনস্ক ব্যক্তি - Hje 8-১০কে নিয়ে এই সম্পদ দল গঠন করা আবশ্যক । এক্ষেত্রে প্রশিক্ষক হিসাবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, এই ধরনের কাজে আগ্রহী এবং এই কাজের জন্য নিয়মিত সময় দিতে পারবেন এমন ব্যক্তিদেরই জেলা সম্পদ দলের সদস্য হিসাবে নির্বাচিত করা বাঞ্ছনীয় । এই জেলা সম্পদ দলের সদস্যদের কয়েকটি ছোট দলে ভাগ করে প্রত্যেককে ১-২টি করে পঞ্চায়েত সমিতির দায়িত্ব দেওয়া আবশ্যক, যাতে তারা প্রয়োজনে ওই পঞ্চায়েত সমিতিতে গিয়ে হাতে-ধরে সহায়তা দিতে পারেন বা কাজের অগ্রগতি পর্যালোচনা করতে পারেন । এই দলের সদস্যদের সক্ষমতা বৃদ্ধির জন্য রাজ্য স্তর থেকে বিশেষ উদ্যোগ নেওয়া হবে ।

(P) **সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনার জন্য বিশেষ পদক্ষেপ :** সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনা রচনার কাজে জেলা পরিষদগুলিকে রাজ্য স্তর থেকে বিশেষ সহায়তা দেওয়া হবে । এর জন্য রাজ্য স্তর থেকে প্রতিটি জেলা পরিষদে ২ সদস্যের এক বিশেষজ্ঞ দল (State Resource Person for Panchayat Planning - SRPPP)গিয়ে প্রয়োজনীয় সহায়তা দেবেন । এর পাশাপাশি লোকশিক্ষা সঞ্চারের মাধ্যমেও ধারাবাহিক ভাবে প্রশিক্ষণ দেওয়া হবে ।

3) সমন্বিত পঞ্চায়েত পরিকল্পনা প্রক্রিয়ার অগ্রগতি নিয়মিত তদারকির জন্য জেলা পরিষদে পঞ্চায়েত পরিকল্পনা নামে একটি বিশেষ শাখা (Panchayat Planning Cell) NWe LI¡ দরকার । জেলা পরিষদের সভাধিপতির নেতৃত্বে এবং অতিরিক্ত নির্বাহী আধিকারিকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই শাখা কাজ করবেন । এর জন্য এই বিভাগ থেকে প্রতিটি জেলা পরিষদে একজন করে জেলা পরিকল্পনা সহায়তা সঞ্চালক (DPFC) নিযুক্ত করা হয়েছে । ইতিমধ্যেই অধিকাংশ জেলাতেই এই সঞ্চালকগণ কাজে যোগ দিয়েছেন, বাকি জেলাগুলিতে কিছুদিনের মধ্যেই যোগ দেবেন । এছাড়াও প্রতিটি পঞ্চায়েত পরিকল্পনা শাখায় চুক্তির ভিত্তিতে একজন করে ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে । এই শাখায় কাজ করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে একজন কেরাণী ও একটি Lম্পিউটারের ব্যবস্থা করার জন্য আপনাকে বিশেষ অনুরোধ জানাই । এই শাখার কাজ হবে জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির পরিকল্পনা সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করে এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এবং সমন্বিত জেলা পরিষদ পরিকল্পনা রচনার কাজে জেলা পরিষদকে সহায়তা দেওয়া । এর পাশাপাশি সমন্বিত পঞ্চায়েত f¢IL÷fe¡ f¢ef¡p-এ লেখা এবং জেলা পরিকল্পনা আধিকারিক সহ অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিক ও রাজ্য স্তরের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা ।

4) সমন্বিত পরিকল্পনার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্বন্ধে এলাকার সকল গ্রামবাসীকে সচেতন করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে ব্যাপক প্রচারের উদ্যোগ নেওয়া আবশ্যক । ইতিমধ্যেই গ্রামীণ বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া ও কর্মসূচির আওতায় ১৪টি জেলার যে সকল গ্রাম পঞ্চায়েতে সমন্বিত পরিকল্পনা প্রক্রিয়ার কাজ চলছে সেখানে গিয়েও এই প্রক্রিয়ার নানান দিক সম্বন্ধে আরো গভীর ভাবে জানার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া যেতে পারে ।

5) এই প্রেক্ষিতে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়ার জন্য আপনাকে বিশেষ অনুরোধ জানাই ।

(L) এই পত্রের ২(P) অনুচ্ছেদ অনুসারে পঞ্চায়েত পরিকল্পনার জন্য জেলা সম্পদ দলের সদস্য নির্বাচন করে তাদের নাম ও পদ সহ সদস্যদের তালিকা আগামী ১৫ই জুনের মধ্যে এই বিভাগে পাঠাতে হবে ।

(M) এই পত্রের ২(ঘ) অনুচ্ছেদ অনুসারে গ্রাম পঞ্চায়েতগুলিতে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে প্রতিটি পঞ্চায়েত সমিতির Se¡ 6 - ৮ সদস্য বিশিষ্ট একটি করে ব্লক সম্পদ দল গঠন করতে হবে এবং এর অগ্রগতি সম্বন্ধে আগামী ১৫ই জুনের মধ্যে রাজ্যকে জানাতে হবে ।

(N) জেলা পরিষদে একটি পঞ্চায়েত পরিকল্পনা শাখা গঠন করার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ।

(0) Hই শাখায় জেলা পরিকল্পনা সহায়তা সঞ্চালকের সঙ্গে কাজ করার জন্য জেলা পরিষদের পক্ষ থেকে একজন উপযুক্ত করণিককে যুক্ত করতে হবে এবং একটি কম্পিউটারের ব্যবস্থা করতে হবে ।

6) আশা করি বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আপনি অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন । এই বিষয়ে কোনও ব্যাখ্যা বা তথ্যের প্রয়োজন হলে রাজ্য কর্মসূচি সঞ্চালক, গ্রামীণ বিকেন্দ্রীকরণ ও পদাধিকারবলে যুগ্ম সচিব শ্রী দিলীপ কুমার পালের সঙ্গে যোগাযোগ করতে পারেন ।

শ্রদ্ধা ও শুভেচ্ছা সহ

Bfe¡l ¢hnÙ,

(মানবেন্দ্র নাথ রায়)

**fœ¡^ : 3508(10)/1(224)/BI.¢X/J/¢X.¢f.Hg/1C-1/2008** **a¡¢lM : 02/06/2009**

অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিলিপি দেওয়া হল :

1. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন অধিকার z
2. A¢a¢lš² ¢eh¡q£ B¢dL¡¢lL, c¡¢S¢mw/hdj¡e/ýNm£/q¡Js¡/Ešl 24-flNZ¡ জেলা পরিষদ z
3. jqLj¡ n¡pL, ........................................................... z
4. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, c¡¢S¢mw/hdj¡e/ýNm£/q¡Js¡/Ešl 24-flNZ¡ z
5. জেলা পরিকল্পনা আধিকারিক, c¡¢S¢mw/hdj¡e/ýNm£/q¡Js¡/Ešl 24-flNZ¡ z
6. pi¡f¢a, ....................................................... পঞ্চায়েত সমিতি z
7. pj¢ø Eæue B¢dL¡¢lL, ............................................................................... । আপনার ব্লকের সব কয়টি গ্রাম পঞ্চায়েতের প্রধানকে এই চিঠির প্রতিলিপি দেওয়ার জন্য বিশেষ অনুরোধ জানাই ।
8. n£/n£ja£ ........................................................................................... z

(মানবেন্দ্র নাথ রায়)